গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)

www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮
২৪ মে ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর- ০৫ (পাঁচ), তারিখ: ২৪.০৫.২০২১

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটিউত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে ঘূর্ণিঝড় “ইয়াস” এ পরিণত হয়ে একই এলাসাকয় (১৬.৬° উত্তর অক্ষাংশ এবং ৮৯.৫° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (২৪ মে ২০২১) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৬৭৫ কিঃ মিঃ দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৬০৫ কিঃ মিঃ দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৬৫০ কিঃ মিঃ দক্ষিণে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৬০৫ কিঃ মিঃ দক্ষিণে অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত হয়ে উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৫৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৬২ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৮৮ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) (পুনঃ) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত নামিয়ে তার পরিবর্তে ০২ (দুই) নম্বর (পুনঃ) ০২(দুই) নম্বর দুরবর্তী হুশিঁয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

আসন্ন ঘূর্ণিঝড় “ইয়াস” সম্পর্কে সতর্ক করলেন প্রধানমন্ত্রী

রবিবার (২৩/০৫/২০২১ খ্রিঃ তারিখ) মুজিববর্ষ উপলক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২২৫টি স্থাপনার (১১০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, ৩০টি বন্যা আশ্রয়কেন্দ্র, ৩০টি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ও ০৫টি মুজিব কেল্লার উদ্বোধন এবং ৫০টি মুজিব কেল্লার ভিত্তিপ্রস্তর স্থাপন) উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় আসন্ন ঘূর্ণিঝড় “ইয়াস” এর বিষয়ে সতর্ক করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপ ঘূর্ণিঝড়ের রূপ নিয়ে আঘাত হানার সম্ভাবনার কথা তুলে ধরে সবাইকে সচেতন ও সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন।

আজ ২৪ মে, ২০২১ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

২৪ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে আজ সকাল ৬.০০টায় (২৪ মে, ২০২১) ঘূর্ণিঝড় "ইয়াস" এ পরিণত হয়ে একই এলাকায় (১৬.২° উত্তর অক্ষাংশ এবং ৮৯.৯° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে। লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিম বঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপপ্রবাহঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৮.৬	৩৮.০	৩৯.৪	৩৭.৮	৩৮.৬	৩৮.২	৩৯.৮	৩৮.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৫	২৮.৪	২৪.০	২৬.১	২৮.৩	২৫.৪	২৬.০	২৫.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৯.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুতুবদিয়া, কক্সবাজার ২৪.০° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২২ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৩ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	৪	২	০
	মোট	**২২**	**২**	**০**

বজ্রপাতে মৃত্যুর তথ্যঃ

চট্টগ্রামঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম ইমেইলের মাধ্যমে জানিয়েছেন যে, গতকাল ২৩/০৫/২০২১খ্রিঃ তারিখ চট্টগ্রাম

জেলার আনোয়ারা উপজেলায় বজ্রপাতে ০২ (দুই) জন ব্যক্তি নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের নাম ও ঠিকানা নিম্নরূপঃ

ক্র নং	জেলার নাম	উপজেলা	নিহত ব্যক্তির নাম ও পরিচয়	বয়স	তারিখ
১।	চট্টগ্রাম	আনোয়ারা	মোঃ ইলিয়াস, পিতা- মৃত ওসি মিয়া, গ্রাম- পশ্চিম বরৈয়া, ওয়ার্ড নং ০৯, ইউনিয়ন- বটতলী।	৪৫ বছর	২৩/০৫/২০২১খ্রিঃ
২।	ঐ	ঐ	মোঃ আবুল কাশেম, পিতা- মৃত আজিজুর রহমান, গ্রাম- পশ্চিম বরৈয়া, ওয়ার্ড নং ০৯, ইউনিয়ন- বটতলী।	৪০ বছর	২৩/০৫/২০২১খ্রিঃ

দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ১৮/০৫/২০২১ তারিখে ১৬২ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার)টাকা হারে সর্বমোট ১১৪,২৫,০০,০০০/-(একশত চৌদ্দ কোটি পচিঁশ লক্ষ) মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদাণ করা
হলো।

২। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৩ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৩২৮ টি পৌরসভার অনূকুলে বিভিন্ন হারে সর্বমোট ৫,৬৭,৫০,০০০/-(পাঁচ কোটি সাতষট্টি লক্ষ পঞ্চাশ হাজার)টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদাণ করা হলো।

৩। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৪ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলা ও ১২ টি সিটি কর্পোরেশনে বিভিন্ন হারে সর্বমোট ১,৭৭,৫০,০০০/-(এক কোটি সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার)টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদাণ করা হলো।

৪। ১৯/০৫/২০২১ তারিখে ১৬৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার দক্ষিণ তারাবুনিয়া ইউনিয়ন পরিষদ বাজারে গত ১৭/০৫/২০২১ খ্রিঃ তারিখের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ১৬ টি দোকানপাত মেরামতের জন্য মানবিক সহায়তা হিসেবে নিম্নরুপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	জেলা/ নির্বাচনী এলাকা	ঢেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল)	গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
০১	শরীয়তপুর (শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার জন্য)	(১৬X৩) = ৪৮ (আটচল্লিশ) বান্ডিল	(৩,০০০X ৪৮) = ১,৪৪,০০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার)

২৪-৫-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৯/১(১৭০)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮
২৪ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২৪-৫-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা